

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ / ০৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং ১৭৮-আইন/২০১১/৬০১-মূসক।-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এর ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২০৭-আইন/২০১০/৫৫৬-মূসক এর মাধ্যমে জারিকৃত বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানিকৃত পণ্যের পরবর্তী সরবরাহের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর (উৎসে কর্তন) বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার-

- (১) বিধি ১ এর সংক্ষিপ্ত শিরোনামায় উল্লিখিত “(উৎসে কর্তন)” শব্দগুলি ও চিহ্নগুলির পরিবর্তে “অগ্রিম আদায় [Advance Trade VAT (ATV)]” শব্দগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে;
- (২) বিধি ৩ এর -
  - (ক) উপ-বিধি (১) এ উল্লিখিত “উৎসে কর্তনযোগ্য” শব্দগুলির পরিবর্তে “আমদানি পর্যায়ে অগ্রিম পরিশোধযোগ্য” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
  - (খ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-  
“(২) মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এ বিধৃত ফরম “মূসক-১” বা ফরম “মূসক-১ক” বা ফরম “মূসক-১ঘ” বা ফরম “মূসক-৭” এর মাধ্যমে নিবন্ধিত উৎপাদক কর্তৃক আমদানিকৃত উপকরণ ও মূলধনী যন্ত্রপাতি, যন্ত্রাংশ এর ক্ষেত্রে এবং পণ্য পরিবহণে ব্যবহৃতব্য সমুদ্রগামী জাহাজ আমদানির ক্ষেত্রে এই বিধিমালা প্রযোজ্য হইবে না।”;
- (৩) বিধি ৪ এ উল্লিখিত “উৎসে কর্তনের” শব্দগুলির পরিবর্তে “অগ্রিম আদায়ের” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (৪) বিধি ৫ এর উপ-বিধি (২) এ উল্লিখিত “উৎসে কর্তন” শব্দগুলির পরিবর্তে “অগ্রিম আদায়” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (৫) বিধি ৬ এর উপ-বিধি (২) এ উল্লিখিত “উৎসে মূল্য সংযোজন কর কর্তন” শব্দগুলির পরিবর্তে “অগ্রিম মূল্য সংযোজন কর পরিশোধ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ ড. মোঃ সহিদুল ইসলাম ]

প্রথম সচিব (মূসক-নীতি ও বাজেট)